

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক বিশেষ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আবুল কালাম আজাদ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
সভার স্থান	:	প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ
সভার তারিখ	:	১৫/১২/২০১৫।

সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২০/০৮/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সভাটি অনুষ্ঠিত হয়। সভায় এ সংক্রান্ত ওয়ার্কিং টিমের আহ্বায়ক পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম এফেয়ার্স ইউনিটের সচিব সহ সশস্ত্র বাহিনী বিভাগ, নৌবাহিনী, কোস্টগার্ড এবং সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক'-তে রক্ষিত আছে।

০২। সভাপতির অনুরোধক্রমে ওয়ার্কিং টিমের আহ্বায়ক (পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম এফেয়ার্স ইউনিটের সচিব) আলোচ্য সভা আহ্বানের যৌক্তিকতাসহ গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন।

০৩। অতঃপর সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার এবং নৌবাহিনীর প্রতিনিধি সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার সাথে সমুদ্র সীমার নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়াদির সম্পৃক্ততা ও এর সুষ্ঠু সমন্বয়ের প্রয়োজনীয়তা বিষয়ে স্ব স্ব অভিমত উপস্থাপন করেন।

০৪। সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) অর্জিত সমুদ্র সীমার সুষ্ঠু নিরাপত্তা বিধানের জন্য সশস্ত্র বাহিনী বিভাগ সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ সভা আহ্বানের মাধ্যমে স্ব স্ব কর্মপরিধি নির্ধারণ করবে এবং এ বিষয়ে এক মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রদান করবে।

(খ) সমুদ্র সম্পদ ও সমুদ্র সীমার নিরাপত্তা সম্পর্কিত উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের বিষয়ে নৌ-পরিবহন ও পানি সম্পদ মন্ত্রণালয়, কোস্টগার্ড এবং নৌ-বাহিনী সমন্বিতভাবে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে।

(গ) সমুদ্র সম্পদ আহরণ ও সমুদ্র সীমার নিরাপত্তা বিধানের সাথে সম্পর্কিত যে কোনো ধরনের MOU স্বাক্ষরের পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানপূর্বক সমন্বিত সিদ্ধান্তের আলোকে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ঘ) সমুদ্র বক্ষে তেল নিঃসরণসহ অন্যান্য দুর্ঘটনা বা বিপদকালীন সময়ে নৌ-পরিবহন মন্ত্রণালয়, নৌ-বাহিনী এবং কোস্টগার্ড পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) নিরাপত্তা সংক্রান্ত MSAR ক্রয়ের বিষয়ে বিমান বাহিনী ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আগামী তিন শপ্তাহের মধ্যে স্ব স্ব কর্মপরিকল্পনা নৌ-পরিবহন মন্ত্রণালয়-কে অবহিত করবে। নৌ-পরিবহন মন্ত্রণালয় সর্বোচ্চ

০৬ (ছয়) সপ্তাহের মধ্যে প্রাপ্ত কর্ম-পরিকল্পনার আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়-কে অবহিত করবে।

(চ) মাছ ধরা নৌকা/ ট্রলার সমূহের নিরাপত্তা বিধানসহ অবৈধ কার্যকলাপ রোধকল্পে রেজিট্রেশন সহ লাইসেন্স প্রদানের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় যৌথভাবে আগামী ০২(দুই) সপ্তাহের মধ্যে পদক্ষেপ গ্রহণ করবে এবং এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি প্রতিবেদন প্রদান করবে।

(ছ) বিলুপ্ত ছিটমহল-সম্বলিত ইউনিয়ন ও উপজেলা সমূহের জমির পরিমাণ নির্ধারণ বিষয়ে ভূমি মন্ত্রণালয় আগামী ০১(এক) মাসের মধ্যে পদক্ষেপ গ্রহণ করবে এবং নির্ধারণকৃত জমির পরিমাণের ভিত্তিতে সীমানা চিহ্নিতপূর্বক ইউনিয়ন/উপজেলার ম্যাপ অঙ্কনের বিষয়ে সার্ভে অব বাংলাদেশ জরুরী পদক্ষেপ গ্রহণ করবে।

০৫। অতঃপর সকল-কে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২০.১২.২০১৫

(মোঃ আবুল কালাম আজাদ)

মুখ্য সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয়